


স্মারক নং-৪৬.০২.৯৩৮৫.০০০.৯৯.০১০.২২- ৪২৯

তারিখ : ২০/০৬/২০২২খ্রিঃ।

“নোটিশ”

এতদ্বারা সখিপুর উপজেলায় বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভা আগামী ২৩জুন-২০২২ইং তারিখ সকাল ১২.০০ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(বিদ্যুৎ কুমার দাস)  
উপজেলা প্রকৌশলী।

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি  
সখিপুর, টাংগাইল।

প্রাপক :-

.....  
.....

স্মারক নং-৪৬.০২.৯৩৮৫.০০০.৯৯.০১০.২২- ৪২৯(৩)

তারিখ : ২০/০৬/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও জ্ঞাতার্থে প্রেরণ করা হইল :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাংগাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাংগাইল।
- ৩। অফিস নথি।



(বিদ্যুৎ কুমার দাস)  
উপজেলা প্রকৌশলী।

সখিপুর উপজেলায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী :-

- ১। সভাপতি : জাহানারা, মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, সখিপুর, টাংগাইল।
- ২। স্থান : উপজেলা প্রকৌশলীর কার্যালয়, সখিপুর, টাংগাইল।
- ৩। আলোচ্য বিষয় : বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ
- ৪। তারিখ : ২৩ জুন- ২০২২ খ্রিঃ সময় : ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবর্গের স্বাক্ষর ও তারিখ :

ক্রমিক নং	সদস্যের নাম, পদবী ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
১।	জাহানারা, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সখিপুর, টাংগাইল।	সভাপতি	জাহানারা ২৩/০৬/২০২২
২।	মোঃ শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাংগাইল।	সদস্য	
৩।	মোঃ ওয়াদুদ হোসেন, চেয়ারম্যান বহেড়াতেল, ইউনিয়ন পরিষদ, সখিপুর, টাংগাইল।	সদস্য	
৪।	এস, এম, কামরুল হাসান, চেয়ারম্যান কালিয়া ইউনিয়ন পরিষদ, সখিপুর, টাংগাইল।	সদস্য	
৫।	বিদ্যুৎ কুমার দাস উপজেলা প্রকৌশলী, সখিপুর, টাংগাইল।	সদস্য সচিব	

উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব সভার কার্যক্রম শুরু করেন।

উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন যে, বর্তমানে বাজারে কিছু অসাধু ব্যবসায়ী দেশে কৃত্রিম সোয়াবিন তৈল সংকট সৃষ্টি করেছে। যার কারণে বাজার অস্থিতিশীল হয়ে পড়েছে এমনকি ২লিটার ও ৫লিটার এর কনটেইনার অনেক দোকানে সোয়াবিন তেল পাওয়াই যাচ্ছে না। সব তৈল যেন রাতা রাতি গায়েব হয়ে গিয়েছে। বাজার লাগামহীন ভাবে বেড়ে যাওয়া ও রাতা রাতি গায়েব হয়ে যাওয়া তাহা তদারকী ও ভেজাল খাদ্য দ্রব্য প্রতিরোধের জন্য উপজেলা প্রশাসন হতে মোবাইল কোট পরিচালনা করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ভেজাল খাদ্য দ্রব্য প্রতিরোধে সোয়াবিন তেল ও নিত্য প্রয়োজনীয় দ্রব্য বাজার মনিটরিং এর জন্য উপজেলা প্রশাসন হতে মোবাইল কোট পরিচালনার বিষয়টি উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

জাহানারা  
২৩/০৬/২০২২  
জাহানারা

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, সখিপুর, টাংগাইল।